

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২০১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২, আযান (সালাতের জন্য আহ্বান) - আযান মুয়াযযিনের দায়িত্বে আর ইকামত নির্ভরশীল ইমামের উপর

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ \_ صلى الله عليه وسلم: «الْمُؤَذِّنُ أَمْلَكُ بِالْأَذَانِ, وَالْإِمَامُ أَمْلَكُ بِالْإِقَامَةِ». رَوَاهُ ابْنُ عَدِيّ وَضَعَّفَهُ

ضعيف. رواه ابن عدي في «الكامل» (4/ 1327) وفي سنده شريك بن عبد الله القاضي، وهو سيئ الحفظ. وبه أعله ابن عدي

#### বাংলা

২০১। আবৃ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আযানের অধিক কর্তৃত্ব মু'আযযিনের উপর ন্যস্ত আর ইকামাত ইমাম সাহেবের কর্তৃত্বাধীন। ইবনু আদী, তিনি হাদীসটিকে য'ঈফ (দুর্বল)ও বলেছেন।[1]

## ফুটনোট

[1] যঈফ। ইবনু আদী তাঁর কামিল গ্রন্থে (৪/১৩২৭) হাদীসটি বর্ণনা করেছেন। তার সনদে শারীক বিন আব্দুল্লাহ আল-কাযী রয়েছে যার স্মৃতিশক্তি খুব দুর্বল। ইবনু আদীও (রহঃ) তার ক্রটি বর্ণনা করেছেন।

ইবনু হাজার বলেন, হাদীসটি শারীক বিন আব্দুল্লাহ এককভাবে বর্ণনা করেছেন। এতে রয়েছে, মুআরিক বিন ইযাদ, সে দুর্বল। (আত্-তালখীসুল হাবীর ১/৩৪৭, যঈফা নং ৪৬৬৯, ইমাম শাওকানীও শারীকের দিকে দুর্বলতার ইঙ্গিত করেছেন। (নাইলুল আওত্বর ২/৩১), ইমাম বায়হাকীও সুরক্ষিত নয় বলে মন্তব্য করেছেন। (সুনানুল কুবরা ২/১৯)



## হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন